

# সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৩০

১৩/ সাহু (كتاب السهو)

পরিচ্ছেদঃ ৭৩/ ইমামের সালাম ফিরানোর সময় মুকতাদির সালাম ফিরানো।

### আরবী

أَخْبَرَنَا سُوَيْدُ بْنُ نَصْرٍ، قَالَ أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، عَنْ مَعْمَرٍ، عَنِ الزُّهْرِيِّ، أَخْبَرَهُ قَالَ أَخْبَرَنِي مَحْمُودُ بْنُ الرَّبِيعِ، قَالَ سَمِعْتُ عِتْبَانَ بْنَ مَالِكِ، يَقُولُ كُنْتُ أُصلِّي بِقَوْمِي بَنِي سَالِم فَأَتَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَقُلْتُ إِنِّي قَدْ أَنْكَرْتُ بَصَرِي وَإِنَّ السُّيُولَ تَحُولُ بَيْنِي وَبَيْنَ مَسْجِدِ قَوْمِي فَلَوَدِدْتُ أَنَّكَ جِئْتَ فَصَلَّيْتَ فِي بَيْتِي مَكَانًا السُّيُولَ تَحُولُ بَيْنِي وَبَيْنَ مَسْجِدِ قَوْمِي فَلَوَدِدْتُ أَنَّكَ جِئْتَ فَصَلَيْتَ فِي بَيْتِي مَكَانًا السُّيُولَ تَحُولُ بَيْنِي وَبَيْنَ مَسْجِدِ قَوْمِي فَلَوَدِدْتُ أَنَّكَ جِئْتَ فَصَلَيْتَ فِي بَيْتِي مَكَانًا أَتَّخِذُهُ مَسْجِدًا . قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم وَأَبُو بَكْرٍ \_ رضى الله عنه \_ مَعَهُ بَعْدَ مَا اشْتَدَّ النَّهَارُ وَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَأَبُو بَكْرٍ \_ رضى الله عنه \_ مَعَهُ بَعْدَ مَا اشْتَدَّ النَّهَارُ فَاسْتَأْذَنَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَأَذِنْتُ لَهُ فَلَمْ يَجْلِسْ حَتَّى قَالَ " أَيْنَ تُحِبُّ أَنْ فَاسْتَأْذَنَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَأَذِنْتُ لَهُ فَلَمْ يَجْلِسْ حَتَّى قَالَ " أَيْنَ تُحِبُّ أَنْ عَلَى الْمَكَانِ الَّذِي أُحِبُ أَنْ يُصِلِي قَقَامَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَصَفَقْنَا خَلْفَهُ ثُمَّ سَلَّمَ وَسَلَمْ نَا حِينَ سَلَّمَ فِيهِ فَقَامَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَصَفَقْنَا خَلْفَهُ ثُمَّ سَلَّمَ وَسَلَمْنَا حِينَ سَلَّمَ وَسَلَمْ وَسَلَم وسلم وَصَفَقْنَا خَلْفَهُ ثُمَّ سَلَّمَ وَسَلَمْ نَا حِينَ سَلَّمَ .

#### বাংলা

১৩৩০। সুওয়াইদ ইবনু নাসর (রহঃ) ... ইতবান ইবনু মালিক (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমার গোত্রে বনূ সালিমের সাথে সালাত আদায় করতাম। একদা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে আমি এসে বললাম, (ইয়া রাসুলাল্লাহু!) আমার শক্তি হ্রাস পেয়েছে, আর (কখনো কখনো) আমার এবং আমার গোত্রের মসজিদের মাঝখানে বন্যা প্রতিবন্ধক হয়ে দাঁড়ায়, তাই আমার একান্ত ইচ্ছা যে, আপনি এসে আমার ঘরের কোন এক স্থানে সালাত আদায় করেন যাকে আমি আমার সালাতের স্থান রূপে নির্দিষ্ট করে নিতে পারি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ইনশাআল্লাহু! অতি শীঘ্রই আমি তা করব।

পরের দিন সূর্য প্রখর হওয়ার পর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার কাছে আসলেন, আর আবূ বকর (রাঃ)-ও তার সঙ্গে ছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এসে আমার কাছে অনুমতি চাইলেন, আমি তাকে অনুমতি দিলে তিনি না বসেই বললেন, তুমি তোমার ঘরের কোন স্থানে আমার সালাত আদায় করা পছন্দ করো? তখন আমি তাকে ঐ স্থান দেখিয়ে দিলাম যেখানে তার সালাত আদায় করা আমি পছন্দ করেছি। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়ালেন, আমরাও তার পেছনে কাতার বন্দী হয়ে দাঁড়ালাম। তারপর



তিনি (সালাতের শেষে) সালাম ফিরালে আমরাও তার সঙ্গে সালাম ফিরালাম।

## **English**

'Itban bin Malik said:

"I used to lead my people Bani Salim in prayer. I came to the Messenger of Allah (\*\*) and said: 'I have lost my eyesight and the rainwater prevents me from reaching the masjid of my people. I would like you to come and pray in my house in a place that I can take as a masjid.' The Prophet (\*\*) said: 'I will do that, if Allah (SWT) wills.' The next day, the Messenger of Allah (\*\*) came, and Abu Bakr was with him, after the day had grown hot. The Prophet (\*\*) asked for permission to enter, and I gave him permission. He did not sit own until he asked: 'Where would you like me to pray in your house?' I showed him the place where I wanted him to pray, so the Messenger of Allah (\*\*) stood there and formed a row behind him, then he said the salam and we said the salam when he did."

### ফুটনোট

সহিহ, বুখারি হাঃ ৪২৫, ৬৮৬, মুসলিম (ইসলামিক সেন্টার) হাঃ ১৩৮১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইতবান ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন